বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক সংবাদ

85

তারিখ 10 AUG 1988
পৃষ্ঠা 12 কলাম 7

# অনশনরত শিক্ষকের অবস্থার আরো অবনতি

রমনা রেলওয়ে উচ্চ বিদ্যালয়ের জন্য স্থায়ী জায়গা বরাদ্দের দাবীতে গতকাল বুধবার শিক্ষক-শিক্ষিকা, ছাত্রছাত্রী, কর্মচারী ও অভিভাবকদের আমরণ অনশনের নবম দিন অতিবাহিত হয়।

সহকারী শিক্ষক মণি শংকর হালদারের অবস্থার আরও অবনতি ঘটেছে। গত ২৪ ঘন্টায় তিনি মাত্র কয়েকটি কথা বলেছেন। বিদ্যালয়ের প্রবীণ সহকারী প্রধান শিক্ষক নুরুল ইসলাম ও সুলতান আহমদকে স্যালাইন দিয়ে বাঁচিয়ে রাখা হয়েছে। তাদের অবস্থা আশংকাজনক। হাসপাতালে ভর্তি দপ্তরী কোরবান আলীর অবস্থাও গুরুতর।

ইতিমধ্যে শিক্ষক মণি শংকর হালদার অনশনে তিলে তিলে মরার চেয়ে জাতীয় প্রেস ক্লাবের সম্মুখে নিজের শরীরে অগ্নি-সংযোগের মাধ্যমে আত্মাহুতি দেবেন। এ ব্যাপারে তিনি তিন টাকার নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে অংগীকারাবদ্ধ রয়েছেন এবং তার মৃত্যুর জন্য সরকার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে দায়ী করেছেন।